ক্লান্ত গৃহস্ত মহিষের পিঠে চড়েই বাড়ি ফিরছেন

মেঠো পথ ধরে মহিষের পিঠে বসেই নির্ভাবনায় গৃহস্ত মাঠ থেকে বাড়ি ফেরা গ্রাম বাংলার এক চিরচেনা রুপ।

মাঠ থেকে সারাদিন মহিষ চরানোর পর কৃষক যখন ভূখা ও ক্লান্ত হয়ে পড়েন।সারাদিন মাঠের তৃণ লতা ভক্ষণ করে মহিষগুলো তখন সতেজ হয়ে ওঠে।

মহিষ যেনো নিজের পিঠে করে ভূখা ও ক্লান্ত গৃহস্ত বাড়ি ফিরিয়ে আনার দায়ীত্ব বহন করে।এমনি এক চিরচেনা রুপ দেখা গেলো মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলার ওলিনগর গ্রামের মধ্যে। মহিষ চরানোর পর ক্লান্ত গৃহস্ত আফিল উদ্দীন এভাবেই মহিষের পিঠে চড়ে বাড়ি ফিরছিলেন।

ছবি ও ক্যাপশন জুলফিকার আলী কানন

মেহেরপুরে পুলিশের অভিযানে ৪ জন গ্রেফতার

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের ২৪ ঘন্টার অভিযানে ৪ আসামি গ্রেফতার হয়েছেন।

এদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে শিশু বলাৎকার মামলার ১ আসামি এবং গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ২ ও আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলার ১ আসামি গ্রেফতার হয়েছে।

সোমবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে আজ মঙ্গলবার (১৫ নভেম্বর) ভোররাত পর্যন্ত পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হয়।

সদর থানা ও গাংনী থানা পুলিশ এ তথ্য নিশ্চিত করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলামের নেতৃত্বে এসব অভিযান পরিচালিত হয়।

গ্রেফতারকৃত আসামিদের আজ মঙ্গলবার আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

বিস্ফোরক দ্রব্য নয়, ছিল বালি আর মাটি

কোনো বিস্ফোরক দ্রব্য নয়, মাটি আর বালি দিয়ে ভরা ছিল গাংনী উপজেলার বামন্দী বাজার থেকে উদ্ধার কিশোর গ্যাং এর নামে রাখা সেই বোমার ভিতর।

গাংনী থানা পুলিশের বোমা বিস্ফোরক অভিজ্ঞ টিম বোমাটি নিস্ক্রিয় করার পরে সেটাই মিললো কসটেপ মোড়ানো সেই কৌটা থেকে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এমনটিই জানিয়েছেন।

তিনি জানান, গভীর রাতে বামন্দী পুলিশ ফাঁড়িতে বোমা সাদৃশ্য বস্তুটি নিস্ক্রিয় করা হয়। এসময় দেখা যায় ওই বস্তুটির ভিতরে বালি ও কাঁদায় ভরা। কৌটার উপরে লাল টেপ মোড়ানো।

উল্লেখ্য, সোমবার সকালের দিকে বামন্দী বাজার থেকে লাল কসটেপ মোড়ানো একটি বোমা দেখে পুলিশকে খবর দিলে পুলিশ বোমাটি উদ্ধার করে ফাঁড়িতে নেন। বোমার গায়ে লেখা ছিল “সাবধান কিশোর গ্যাং”।

স্যার সলিমুল্লাহ মুসলিম এতিমখানার শিক্ষার্থীদের সুখবর দিলেন ল্যাব এইড গ্রুপ

এবার ঢাকার স্যার সলিমুল্লাহ মুসলিম এতিমখানার শিক্ষার্থীদের সুখবর দিলেন বাংলাদেশে আন্তর্জাতিক মানের বেসরকারি হাসপাতাল ল্যাব এইড গ্রুপ।

এখন থেকে প্রতি বছর এই এতিমখানার শিক্ষার্থীদের জন্য ২ লাখ টাকা প্রদানসহ শিক্ষার্থীদের যে কোনো ধরণের চিকিৎসাসেবা, পরীক্ষা নিরীক্ষা ও ওষধপত্র, ডাক্তারী ব্যবাস্থাপত্র এবং ল্যাব এইড কার্ডিয়াক হাসপাতাল ও ল্যাব এইড স্পেশালাইজড হাসপাতালে ভর্তির সুযোগ।

স্যার সলিমুল্লাহ মুসলিম এতিমখানার ব্যবস্থাপনা কমিটির সভাপতি এমএএস ইমন মেহেরপুর প্রতিদিনকে এতথ্য নিশ্চিত করেছেন।

এবিষয়ে ল্যাব এইড গ্রুপের ব্যাবস্থাপনা পরিচালক ডাক্তার এএম শামীম স্যার সলিমুল্লাহ মুসলিম এতিমখানার অধ্যক্ষ মো: জাকির হোসেন (শাহীন) কে গত ১০ নভেম্বর চিঠি দিয়ে জানিয়েছেন।

স্যার সলিমুল্লাহ মুসলিম এতিমখানার ব্যবস্থাপনা কমিটির সভাপতি এমএএস ইমন বলেন, ল্যাব এইড বাংলাদেশে আন্তর্জাতিক মানের একটি বেসরকারি হাসপাতাল। হাসপাতাল কর্তৃপক্ষ বাংলাদেশের আরেকটি ঐতিহ্যবাহি প্রতিষ্ঠান স্যার সলিমুল্লাহ মুসলিম এতিমখানার শিক্ষার্থীদের জন্য সহায়তার হাত বাড়িয়েছেন। এজন্য এই প্রতিষ্ঠানের পক্ষ থেকে তাদের আমরা আন্তরিক মুবারকবাদ ও ধন্যবাদ জানাচ্ছি।

মেহেরপুর আমঝুপিতে জাতীয় সমবায় দিবস উদযাপন

“বঙ্গবন্ধুর দর্শন সমবায়ে উন্নয়ন” প্রতিপাদ্য বিষয়ের উপর জাতীয় সমবায় দিবস ২০২২ইং উদযাপন উপলক্ষে আমঝুপি মউক হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এএলআরডি এর সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র মউক সোমবার সকাল ১০ টার দিকে এ সভার আয়োজন করে।

মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) নীলা হাফিয়া। বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর সদর উপজেলার সমাজসেবা অফিসার মোঃ আনিছুর রহমান।

স্বাগত বক্তব্য রাখেন প্রকল্পের এ্যানিমেটর সাহিনুর রহমান সভায় সমবায় গঠন এর লক্ষ উদ্দেশ্য আদর্শ ফলাফল প্রান্তিক জনগোষ্ঠীর সমবায়ের সুযোগ সুবিধাসহ সরকারী সেবা বিভাগের সাথে সেবা গ্রহিতাদের সেতুবন্ধ নিয়ে বিশাদ আলোচনা করা হয়।

এসময় এলাকার বিভিন্ন সমবায় দলের প্রতিনিধি গণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি উপস্থাপনা করেন সাদ আহম্মেদ মানবাধিকার কর্মী।

বামন্দীতে ট্রাফিক পুলিশের অভিযানে ২৮টি গাড়ি ও চালকের বিরুদ্ধে মামলা

গাংনীর বামন্দীতে জেলা ট্রাফিক পুলিশের অভিযানে ২৮টি মোটরসাইকেল জব্দ ও পৃথক আইনে মামলা দায়ের হয়েছে।

আজ সোমবার (১৪ নভেম্বর) সকাল থেকে দুপুর পর্যন্ত মেহেরপুর-

কুষ্টিয়া সড়কের বামন্দী বাসস্ট্যান্ডে এই অভিযান চালানো হয়। মোটরসাইকেলের বৈধ কাগজপত্র না থাকা ও চালকের

বৈধ কাগজপত্র, হেলমেট ও ড্রাইভিং লাইসেন্স না থাকায় তাদের বিরুদ্ধে পুলিশের পক্ষ থেকে মামলাগুলো দায়ের করা হয়। মামলা নিষ্পত্তি শেষে গাড়ি গুলো দেওয়া হবে বলে জানান ট্রাফিক পুলিশ।

জেলা ট্রাফিক পুলিশের সার্জেন্ট মুকুল হোসেন বলেন, বামন্দী বাজার এলাকায় জব্দকৃত গাড়ির কোনো বৈধ কাগজপত্র নেই, এছাড়া চালকের ড্রাইভিং লাইসেন্স ও হেলমেট নেই। তাই এসব গাড়ি জব্দ শেষে পৃথক ধারায় মামলা দেওয়া হয়েছে।

জেলা ট্রাফিক পুলিশ অফিস থেকে মামলা নিষ্পত্তি সাপেক্ষে গাড়ি গুলো নিজ নিজ মালিকের কাছে হস্তান্তর করা হবে।

মোটারসাইকেল গুলো বামন্দী পুলিশ ক্যাম্প হেফাজতে রাখা হয়েছে। অভিযানে সহযোগীতা করেন, টিএসআই সুলতান আলী, এটিএসআই ইয়াহিয়া ও বামন্দী পুলিশ ক্যাম্পের ইনচার্জ সহ অন্যান্য সদস্যরা।

সাবধান কিশোর গ্যাং হুমকী সংবলিত বোমা উদ্ধার

লাল কসটেপ মোড়ানো বোমা সাদৃশ্য কৌটার গায়ে লেখা সাবধান। মোটা অক্ষরে লেখা কিশোর গ্যাং। একটি বোমা সাদৃশ্য লাল কসটেপ মোড়ানো বস্তুু উদ্ধার করেছে পুলিশ।

কিশোর গ্যাং এর হুমকি দিয়ে লেখা চিরকুটে মোড়ানো বোমা সাদৃশ্য এই বস্তুটি সোমবার সকালের দিকে গাংনী উপজেলার বামন্দী বাজারের নাসিম ফল ভান্ডারের সামনে থেকে উদ্ধার করা হয়।

স্থানীয়দের দেওয়া খবরের ভিত্ত্বিতে বামন্দী পুলিশ ক্যাম্পের একটি দল বোমা সাদৃশ্য বস্তুটি উদ্ধার করেন। বোমা সাদৃশ্য বস্তুুটির গায়ে “কিশোর গ্যাং”। সাথে রয়েছে একটি চাঁদার চিরকুট।

বোমাটি উদ্ধারের পর ওই বাজারের বিভিন্ন দোকানের সিসিটিভি ফুটেজে দেখা গেছে, রাত ১২টার দিকে নীল রংয়ের পোশাক ও মাফলার পরিহিত এক ব্যক্তি বোমা সাদৃশ্য বস্তুটি রেখে চলে যায়। তবে ব্যবসায়িরা ভাবছেন, আতঙ্ক ছড়ানোর জন্যই এটি রাখা হতে পারে।

বামন্দী পুলিশ ক্যাম্প ইনচার্জ ইসরাফিল হোসেন জানান, সকালে ব্যবসায়ি নাছিম তার ফলের দোকান খোলার সময় বোমা সাদৃশ্য বস্তুটি দেখতে পায়। এসময় পুলিশে খবর দিলে, সেটি উদ্ধার করে পানিতে চুবিয়ে রাখা হয়েছে। সেই সাথে চিরকুটটি জব্দ করা হয়।

গাংনী পৌর বিএনপির সাংগাঠনিক সম্পাদক আটক

গাংনী পৌর বিএনপির সাংগাঠনিক সম্পাদক আজিজুল হক ডাকুকে আটক করেছে পুলিশ। আজিজুল হক ডাকু গাংনী পৌরসভা এলাকার চৌগাছা গ্রামের খোকন গাইনের ছেলে।

আজ সোমবার (১৪ নভেম্বর) ভোর রাতের দিকে গাংনী থানা পুলিশ তার বাড়িতে অভিযান চালিয়ে আটক করে। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, গাংনী পৌর এলাকার চৌগাছা গ্রামে সম্প্রতি একটি চুরির ঘটনায় সন্দেহভাজন হিসেবে তাকে আটক করে আজ সোমবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে চালান দেওয়া হয়েছে।

এদিকে গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু বিএনপি নেতা আজিজুল হক ডাকুকে গ্রেফতারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন। তিনি বলে, আজিজুল ইসলাম চৌগাছা গ্রামে একজন ভাল মানুষ। তার বিরুদ্ধে একের পর এক মামলা দিয়েছে। আমি এই গ্রেফতারের নিন্দা জানাচ্ছি। অবিলম্বে তার মুক্তি দাবি করছি।

মুজিবনগরে গুডনেইবার্স এর আয়োজনে বিশ্ব ডায়োবেটিস দিবস পালিত

মুজিবনগরে গুডনেইবার্স মেহেরপুর সিডিপির আয়োজনে বিশ্ব ডায়বেটিস দিবস পালিত হয়েছে।

সোমবার বেলা সাড়ে এগারোটার দিকে গুডনেইবার্স মেহেরপুর সিডিপির বল্লভপুর প্রজেক্ট অফিস চত্বরে দিবসটি পালন করা হয়।
এ উপলক্ষে এডমিন অফিসার লরেন্স ঢালির সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা স্বাস্থ ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ড.আসাদুজ্জামান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাগোয়ান ইউনিয়নের ৬ নং ওয়ার্ড ইউপি সদস্য বাবুল মল্লিক,গুডনেইবার্স সিডিসি মেম্বার এবং চেয়ারপার্সন রেহেনা খাতুন,মেডিকেল ইয়াসিন আল বাশার,সিডিপি প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহাম্মুদ প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতেই ডায়োবেটিস দিবসের তাৎপর্য তুলে ধরে স্বাগত বক্তব্য রাখেন, গুডনেইবার্স মেহেরপুর সিডিপি মানেজার বিভোব দেওয়ান। অনুষ্ঠান শেষে শিশুদের মাঝে ভালোবাসার উপহার বিতরণ করা হয়।

চাকুরীর অভিজ্ঞতা মাদক, সন্ত্রাস ও খারাপ নির্মূলে

কাজে লাগাতে হবে -পুলিশ সুপার রাফিউল আলম

অবসরপ্রাপ্ত পুলিশ সদস্যদের উদ্দ্যেশ্যে মেহেরপুর পুলিশ সুপার মো: রাফিউল আলম বলেন আপনাদের চাকুরী জীবনের অভিজ্ঞতা সমাজ থেকে মাদক, সন্ত্রাস ও খারাপ নির্মূলে কাজে লাগাতে হবে। অবসরের দিনগুলি ভাল কাজের সাথে থাকার আহবান জানিয়ে তিনি বলেন, আপনারা ব্যক্তি জীবনের কোনো সমস্যায় পড়লে সরাসরি পুলিশ সুপারকে জানানোরও অনুরোধ করেন তিনি।

মেহেরপুরে রিটায়ার্ড পুলিশ এ্যাসোসিয়েশনের সদস্যদের মাঝে নিবন্ধন সনদপত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন পুলিশ সুপার মো: রাফিউল আলম।

আজ সোমবার (১৪ নভেম্বর) সকাল ১০ টার সময় নতুন শেখপাড়া এলাকায় সংস্থার কার্যালয়ে এই সনদপত্র বিতরণ অনুষ্ঠিত হয়।

রিটায়ার্ড পুলিশ এ্যাসোসিয়েশনের মেহেরপুর জেলা শাখার সভাপতি দেওলওয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত নিবন্ধন সনদপত্র বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক (ডিডি) কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বী, শহর সমাজ কার্যালয়ের সোহেল মাহমুদ, সাবেক পুলিশ পরিদর্শক আব্দুল জলিল, মেহেরপুর পৌর সভার ৭ নং ওয়ার্ডের কাউন্সিলর নুরুল আশরাফ রাজীব।

বিন্ধন সনদ বিতরণ অনুষ্ঠানে পুলিশ বিভাগ থেকে অবসরে যাওয়া পুলিশ সদস্যরা উপস্থিত ছিলেন।